

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮



তারিখ: ২০.৫.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## বিজ্ঞজয়নুল আবেদীনের সৃজনশীল চেতনা শিশুদের মাঝে ছড়িয়ে দিতে হবে: মেয়র ডা. শাহাদাত

শিল্পাচার্য জয়নুল আবেদীনের সৃজনশীল চেতনা শিশুদের মাঝে ছড়িয়ে দিতে হবে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। তিনি বলেন, “শিল্পাচার্য জয়নুল আবেদীন শুধু একজন চিত্রশিল্পীই নন, তিনি ছিলেন এদেশের সাংস্কৃতিক আন্দোলনের অন্যতম পথিকৃৎ। তার চিন্তা ও কল্পনাশক্তি, সমাজ ও মানুষের প্রতি দায়বদ্ধতা—সব কিছুই আজকের শিশুদের জন্য অনুকরণীয়। আমাদের শিশুদের মধ্যে সেই সৃজনশীল চেতনার বিকাশ ঘটাতে হবে, যাতে তারা ভবিষ্যতে দেশ ও সমাজের উন্নয়নে ভূমিকা রাখতে পারে।”

মঞ্জলবার থিয়েটার ইন্সটিটিউট মিলনায়তনে শিশু সংগঠক আবদুল আউয়ালের সভাপতিত্বে আয়োজিত ১৮তম শিল্পাচার্য জয়নুল আবেদীন স্মৃতি চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এ কথা বলেন। মেয়র আরও বলেন, “আজকের শিশু আগামী দিনের কর্ণধার। তাদের শৈশব থেকেই সৃজনশীল চর্চায় উদ্বুদ্ধ করতে হবে। চিত্রাঙ্কন, সংগীত, নৃত্যসহ বিভিন্ন শিল্পকর্মের মধ্য দিয়ে শিশুদের চিন্তার জগৎ প্রসারিত হয়। এই আয়োজনে অংশগ্রহণকারী সব শিশুদের আমি শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।” তিনি আয়োজকদের ধন্যবাদ জানিয়ে বলেন, “এ ধরনের আয়োজনে আমি সব সময় পাশে আছি এবং থাকব। আমি আশা করি, ভবিষ্যতেও চট্টগ্রামে শিশুদের জন্য সৃজনশীল কর্মকাণ্ডের আয়োজন আরও বৃদ্ধি পাবে।” অনুষ্ঠানে বিজয়ী শিশুদের হাতে পুরস্কার তুলে দেন মেয়র ডা. শাহাদাত হোসেন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিল্পী, সাংস্কৃতিক কর্মী, অভিভাবক ও শিক্ষার্থীবৃন্দ।



## চসিকের অভিযান রাস্তায় নির্মাণ সামগ্রী রাখায় ৪৪ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা এর নেতৃত্বে আজ নগরীর জানে আলম দোভাষ সড়কে ( বাকলিয়া এক্সেস রোড ) অভিযান পরিচালিত হয়।

অভিযানে জানে আলম দোভাষ সড়কের ( বাকলিয়া এক্সেস রোড ) ফুটপাথ ও রাস্তার অবৈধ ভাবে নির্মাণ সামগ্রী রেখে ও দোকান নির্মাণ করে জনদুর্ভোগ সৃষ্টি করার অপরাধে ৬ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৪৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। একই সাথে রাস্তা ও ফুটপাথ থেকে অবৈধ দোকান উচ্ছেদ করা হয় এবং নির্মাণ সামগ্রী তাৎক্ষণিক সরিয়ে নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮